




ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি
রাউতাইল, ঝিনাইদহ
ফোনঃ ০২৪৭৭৪৭০১৬, ই-মেইলঃ jhenaidah_pbs@yahoo.com
ওয়েবসাইটঃ www.pbs.jhenaidah.gov.bd



স্মারক নং-২৭.১২.৪৪১৯.৫৪৮.০২.২১.২২.৪৫৬৪

তারিখ- ৩০ আশ্বিন' ১৪২৯ বঙ্গাব্দ

“রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি”

১৫ অক্টোবর' ২০২২ খ্রিঃ

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতির মহেশপুর ও কালীগঞ্জ জোনাল অফিসের জন্য রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী প্রার্থীগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- ০১) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০২) প্রার্থীকে সরকারী মেডিকেল কলেজ/বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত মেডিকেল কলেজ হতে এমবিবিএস পাশ হতে হবে।
- ০৩) সমিতির আওতাভুক্ত থানা/এলাকায় সরকারী ডাক্তার হিসাবে/অন্য কোন প্রতিষ্ঠানে স্বাস্থ্য সেবা প্রদানে নিয়োজিত আছেন কেবলমাত্র তাদেরকেই রিটেইনার ডাক্তার পদের জন্য বিবেচনা করা হবে।
- ০৪) রিটেইনার ডাক্তার পদে ০৩ (তিন) বৎসরের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে।
- ০৫) বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন কর্তৃক অনুমোদিত নির্ধারিত হারে সর্বোচ্চ ৮,০০০/= (আট হাজার) টাকা মাসিক রিটেইনার ফি প্রদান করা হবে।
- ০৬) একজন রিটেইনার ডাক্তার একাধিক পল্লী বিদ্যুৎ সমিতিতে রিটেইনার ডাক্তার হিসাবে নিয়োজিত থাকতে পারবেন না।
- ০৭) চুক্তি বাতিল করতে হলে উভয় পক্ষকে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের পূর্ব নোটিশ প্রদান করতে হবে।
- ০৮) ০৩ (তিন) বৎসরের চুক্তিকাল উত্তীর্ণ হওয়ার অন্তত পক্ষে ০১ (এক) মাস পূর্বে নতুন করে আবেদন আহ্বান করা হবে এবং সেই সময় যিনি অত্র পদে অধিষ্ঠিত থাকবেন তিনিও পুনরায় আবেদন করতে পারবেন।
- ০৯) সপ্তাহে ০২ (দুই) দিন অফিস চলাকালীন সময়ে অফিসে উপস্থিত থাকতে হবে। অফিসে উপস্থিত থাকার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১০) ব্যক্তিগত চেষ্টারে সমিতির যে কোন কর্মকর্তা/কর্মচারী উল্লেখিত ০২ (দুই) দিন ব্যতীত সপ্তাহে অন্যান্য দিন চিকিৎসার জন্য যেতে পারবেন। এজন্য কোন পৃথক ভিজিট বা ফি দেওয়া হবে না।
- ১১) সমিতির কর্মকর্তা/কর্মচারীদেরকে সেবা প্রদানের পাশাপাশি বাপবিবোর মাঠ পর্যায়ের তত্ত্বাবধায়ক প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদেরকেও সেবা প্রদান করবেন।
- ১২) দুর্ঘটনা বা যে কোন প্রয়োজনে সমিতির ভৌগলিক এলাকাস্থ যে কোন স্থানে যে কোন সময়ে যেতে হবে।
- ১৩) উক্ত পদে নিয়োগ প্রাপ্ত হতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণকে সাদা কাগজে (ক) নিজের নাম (স্পষ্টাক্ষরে), পিতার ও মাতার নাম, (খ) বর্তমান ও স্থায়ী ঠিকানা, (গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্র, (ঘ) অভিজ্ঞতার সার্টিফিকেট এর সত্যায়িত কপি, (ঙ) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদ/ পৌরসভার চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্বের সনদপত্রসহ সকল সনদপত্রের ফটোকপিসমূহ অবশ্যই গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং আগামী ৩০/১০/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারী দপ্তরে পৌঁছাতে হবে।
- ১৪) নিয়োগ সংক্রান্ত বিষয়ে যে কোন সমস্যার উদ্ভব হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাঃ/-

(মোঃ ইছাহাক আলী)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১) নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩) জেলা প্রশাসক/ পুলিশ সুপার, ঝিনাইদহ।
- ০৪) সিভিল সার্জন, ঝিনাইদহ।
- ০৫) সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজারপবিস-১/২/৩/৪।
- ০৬) উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর/মহেশপুর/শৈলকুপা/কালীগঞ্জ/হরিণাকুন্ডু/কোটচাঁদপুর।
- ০৭) ডিজিএম, মহেশপুর/শৈলকুপা/কালীগঞ্জ/হরিণাকুন্ডু জোনাল অফিস/সদর-কারিগরি, ঝিনাইদহ পবিস।
- ০৮) এজিএম (ওএন্ডএম), কোটচাঁদপুর/বারবাজার/হাটফাজিলপুর সাব-জোনাল অফিস, ঝিনাইদহ পবিস।
- ০৯) এজিএম (ওএন্ডএম/ইএন্ডসি/অর্থ/এম,এস/আইটি/এইচআর), ঝিনাইদহ পবিস।
- ১০) নোটিশ বোর্ড, ঝিনাইদহ পবিস।
- ১১) অফিস কপি।

(মোঃ ইছাহাক আলী)
জেনারেল ম্যানেজার